# ১৬ তম বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সহকারী জজ) পরীক্ষা ২০২৩

[সাংবিধানিক আইন, জেনারেল ক্লাস এ্যাক্ট ও আইনের ব্যাখ্যার ধারণা]

**বিষয় কোড ঃ ৮৫**

**সময়-৩ঘন্টা** **[ডান দিকের সংখ্যা সংশ্লিষ্ট প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]** **পূর্ণমান-১০০**

*[বাংলা অথবা ইংরেজি যে-কোনো একটি ভাষায় উত্তর দিতে হবে। তবে টেকনিক্যাল শব্দগুলো যে-কোনো ভাষায় লেখা যাবে।]*

**'ক' অংশে সাংবিধানিক আইন যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দিন (৪×২০) = ৮০**

১। ক) আপনি কি মনে করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭ অনুচ্ছেদ মৌলিক অধিকার এর পরিধি বৃদ্ধি এবং সংবিধানের ক্রমবিকাশকে বাধাগ্রস্ত করেছে।

খ) সংবিধানে প্রদত্ত ধর্মীয়, নাগরিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক অধিকার সংরক্ষণে শাসনতান্ত্রিক সুরক্ষার ধরন বিশ্লেষণ করুন।

২। ক) রাষ্ট্র পরিচালনার মূলনীতিসমূহকে কেন সংবিধানের পথপ্রদর্শক মেরুতারকা বিবেচনা করা হয়। রাষ্ট্র পরিচালনার মূলনীতিসমূহ কীভাবে মানবাধিকার রক্ষায় বিচার বিভাগের ক্ষমতাকে সীমাবদ্ধ করে। প্রাসঙ্গিক নজির উল্লেখপূর্বক আলোচনা করুন।

খ) গনপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৭ এ বর্ণিত আইনের দৃষ্টিতে সমতা' প্রশ্নে প্রাসঙ্গিক নজির উল্লেখপূর্বক 'Doctrine of classification' আলোচনা করুন।

৩। ক) মৌলিক অধিকার বলবৎকরণে হাইকোর্ট বিভাগের রিট এখতিয়ার বর্ণনা করুন।

খ) আপীল বিভাগ কর্তৃক Collector of Customs vs. Abdul Hannan [ 42 DLR (AD) 167] মামলায় 'Doctrine of Promissory Estoppel" বিষয়ে প্রদত্ত অধিকতর ব্যাখ্যা উল্লেখ করুন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান প্রধানমন্ত্রীকে রাষ্ট্রের অন্যান্য বিভাগ ও সাংবিধানিক প্রতিষ্ঠানের উপর প্রভাব বিস্তারে কীরূপে ক্ষমতায়ন করেছে? সংবিধানে বর্ণিত প্রধানমন্ত্রীর ক্ষমতা ও কার্যাবলির আলোকে উত্তর দিন।

৫। ক) আইনের শাসন' ধারণাটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের প্রস্তাবনায় কীরূপে বিধৃত হয়েছে ব্যাখ্যা করুন। সংবিধানে আইনের শাসন নিশ্চিতকল্পে বর্ণিত বিধানসমূহ উল্লেখ করুন।

খ) আপনি কি মনে করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কতিপয় বিধান আইনের শাসন ধারণার পরিপন্থি? বাংলাদেশে আইনের শাসন নিশ্চিতকরণে বিচার বিভাগের ভূমিকা বর্ণনা করুন।

৬। ক) জরুরী অবস্থার সময় সংবিধানের মৌলিক অধিকারসমূহের স্থগিতকরণ এবং নিবর্তনমূলক আটকাদেশ সংবিধানের মৌলিক চেতনার সাথে অসামঞ্জস্যপূর্ণ বলে আপনি মনে করেন কি? ব্যাখ্যা করুন।

খ) What cannot be done directly cannot also be done indirectly. " উক্তিটির আলোকে 'Colourable legislation' মতবাদ এর ব্যাখ্যা দিন। সংবিধানে সংসদ কর্তৃক আইন প্রণয়নে আরোপিত সীমাবদ্ধতা সংসদের কর্তৃত্বকে খাটো করেছে কি? আইন প্রণয়ন পদ্ধতি উল্লেখে ব্যাখ্যা করুন।

**'খ' অংশঃ জেনারেল ক্লজেস এ্যাক্ট ও আইনের ব্যাখ্যার ধারণা**

**যে-কোনো ১ টি প্রশ্নের উত্তর দিন: (১×২০) = ২০**

৭। ক) The General Clauses Act, 1897 একটি সংহতকরণ আইন" আইনটির প্রস্তাবনার আলোকে উক্তিটি ব্যাখ্যা করুন।

খ) "Nemo debet bis puniri pro uno deticto " এই নীতিমালা The General Clauses Act, 1897 এর কোন ধারায় বিবৃত হয়েছে? এই নীতিমালার সুবিধা পেতে হলে কী কী শর্ত পূরণ করতে হবে?

গ) আইন রহিতকরণের ফলাফল সংক্রান্তে The General Clauses Act, 1897 এর ৬ ধারা ও ২৪ ধারার বিধানের মধ্যে পার্থক্য নিরূপণ করুন।

৮। ক) "কোনো বিধানের অবর্তমানে আদালত ন্যায়বিচারের স্বার্থে আইন ব্যাখ্যার অবারিত স্বাধীনতা ভোগ করতে পারেন।- এই মন্তব্যের সাথে আপনি একমত কি? আইনের ব্যাখ্যার নীতির আলোকে উত্তর দিন।

খ) একটি আইনে 'and' I 'or' শব্দদ্বয়ের কী কী অর্থ হতে পারে?

গ) Construction' ও 'Interpretation' এর মধ্যে পার্থক্য করুন।

## [English Version]

## 16th BJS Examination, 2023

## Constitutional Law, General Clauses Act and Interpretation of Statutes

**Part A: Constitutional Law; Answer any 4: (4x20)=80**

1. a) Do you think that Article 7B of the Constitution of the People's Republic of Bangladesh has clogged up widening of the ambit of fundamental rights and the evolution of the Constitution?
   b) Explain the modes of constitutional safeguards in protecting religious, civil, political andcultural rights
2. a) Why fundamental principles of state policy are considered as the guiding polestars of the Constitution? How fundamental principles of state policy limit the power of the Judiciary in protecting fundamental rights? Discuss with reference to relevant case laws.
   b) Discuss the 'doctrine of classification' with reference to relevant case laws in the context of 'equality before law as enunciated in Article 27 of the Constitution..
3. a) Elucidate writ jurisdiction of the High Court Division in enforcing fundamental rights.
   b) Mention the doctrine of 'Promissory Estoppel' as further propounded by the Appellate Division in the case of Collector of Customs vs. Abdul Hannan [42 DLR (AD) 167].
4. How the Constitution of the People's Republic of Bangladesh has empowered the Prime Minister to exert influence over other organs and constitutional institutions of the State? Answer in light of the powers and functions of the Prime Minister under the Constitution.

5. a) Explain how the concept of 'rule of law has been enshrined in the preamble of the Constitution of the People's Republic of Bangladesh. Mention the constitutional provisions for ensuring rule of law.
   b) Do you think that some provisions of the Constitution of the People's Republic of Bangladesh are contrary to the scheme of rule of law? Describe the role of the Judiciary in ensuring rule of law in Bangladesh.
6. a) Do you think that suspension of fundamental rights and order of preventive detention during emergency are inconsistent with the basic spirit of the Constitution? Explain.
   b) "What cannot be done directly cannot also be done indirectly."-Elucidate the doctrine of "Colourable legislation' in light of the statement.
   c) Has the restrictions, under the Constitution, imposed upon the Parliament in the matter of legislation limited the authority of the Parliament? Explain with reference to procedure of legislation.

## Part 'B': General Clauses Act and Interpretation of Statutes

**Answer any 1: (1x20)=20**

7. a) 'The General Clauses Act, 1897 is a consolidating Act.'-Explain the statement in light of the preamble of the Act.
   b) "Nemo debet bis puniri pro uno delicto"-which section of the General Clauses Act, 1897 embodies the principle? What are the prerequisites for enjoying the benefit of this principle?
   c) Differentiate between provisions of sections 6 and 24 of the General Clauses Act, 1897 so far as it relate to the effect of repeal of an enactment.
8. a) "In the absence of any provision, the Court can enjoy unfettered liberty to interpret a statute in the interest of justice."-Do you agree with this statement? Answer in light of the principles of interpretation of statute.
   b) What meanings 'and' and 'or' may carry in a statute?
   c) Distinguish between 'Construction' and 'Interpretation."


নিশ্চয় সেরাদের সেরা
ড. সিদ্দিক পাবলিকেশন্স
লেখক
হুমায়রা সিদ্দিকা হুমাসা এবং ড. আবু বকর সিদ্দিক
সহায়ক গ্রন্থাবলী ঃ ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম ও একাদশ শ্রেণী
পাঠ্য বই ঃ HSC, B.Sc এবং M.Sc 01511 483701, 01979 483701
ভর্তি পরীক্ষা ঃ বুয়েট, মেডিকেল, ঢাবি, জাবি, রাবি, চবি, গুচ্ছ, কৃষি, নার্সিং-মিডওয়াইফারি
চাকুরী ঃ বিসিএস, শিক্ষক নিবন্ধন, সহকারী জজ নিয়োগ এবং প্রাথমিক শিক্ষক নিয়োগ
ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার